



(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

[www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৮২৩

তারিখ: ৭ ভাদ্র ১৪২৮

২২ আগস্ট ২০২১

বিষয়: বাঘাবাড়ী ঘাট হতে জারিকৃত সূচির চাল পটুয়াখালী জেলার রাজাবালী এলএসডির পরিবর্তে বরগুনা সদর এলএসডিতে প্রেরণের অনুমোদন প্রদান

সূত্র: ১। চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা এর ২৮/০৭/২০২১ খ্রি. তারিখের

১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৭৭৮ নং স্মারক

২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, বরিশাল এর ০২/০৮/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০১৩.১৮.১৭৬০ নং স্মারক

৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, রাজাবালী এলএসডি, পটুয়াখালী এর ১১৮ নং স্মারক

৪। মেসার্স শাহ আলম এন্ড কোং এর ০৮/০৮/২০২১ খ্রি. তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাঘাবাড়ী ঘাটের মাধ্যমে মেসার্স শাহ আলম এন্ড কোং ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে পটুয়াখালী জেলার রাজাবালী এলএসডিতে ৬০০ মে.টন সিদ্ধ চালের চলাচল উপসূচি সূত্রস্ব ১ নং স্মারকে জারি করা হয়। সূত্রস্ব ৩ নং স্মারকের পত্র উল্লেখ করা হয়েছে, বাঘাবাড়ী ঘাট হতে মেসার্স শাহ আলম এন্ড কোং রাজাবালী এলএসডির অনুকূলে ২৮/০৭/২০২১ খ্রি. তারিখে ০৩২৫৫১৯০ নং ইনভয়েসে ৬০০ মে.টন চাল রাজাবালী এলএসডি ঘাটে অবস্থান করছে। উক্ত এলএসডির কার্যকর ধারণ ক্ষমতা ৫০০ মে.টন এর বিপরীতে ৮৬৫.৫০৩ মে.টন চাল ২৮২০০ মে.টন ধান ও ১৮১১০ খানা খালি বস্তা মজুত রয়েছে। পর্যাপ্ত জায়গা না থাকায় ৬০০ মে.টন চাল গ্রহণ করা সম্ভব হচ্ছে না। সূত্রস্ব ৪ নং স্মারকের পত্রে উল্লেখ করা হয়েছে, জারিকৃত সূচির চাল বাঘাবাড়ী ঘাট হতে এমভি জুগার্ডেন কার্গোতে বোঝাই করে রাজাবালী এলএসডিতে ০৩/০৮/২০২১ খ্রি. তারিখে পৌছায়। উক্ত এলএসডিতে খালি জায়গা না থাকায় বোঝাইকৃত কার্গো হতে চাল খালাস করা হচ্ছে না। বোঝাইকৃত কার্গোর চাল দ্রুত খালাস করা না হলে উক্ত প্রতিষ্ঠান আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হবে এবং জারিকৃত সূচির চাল অন্য কোন প্রাপক কেন্দ্রে দ্রুত খালাসের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। অপরদিকে বরিশাল বিভাগের কতিপয় এলএসডিতে বিভিন্ন খাতে বিতরণের জন্য চালের চাহিদা সূত্রস্ব ২ নং স্মারকে প্রেরণ করা হয়েছে।

এমতাবস্থায়, উপর্যুক্ত বর্ণনার আলোকে এবং সূত্রস্ব ২ নং স্মারকে চালের চাহিদার প্রেক্ষিতে বরগুনা এলএসডিতে বিভিন্ন খাতে বিতরণের জন্য বাঘাবাড়ী ঘাট হতে পটুয়াখালী জেলার রাজাবালী এলএসডির পরিবর্তে বরগুনা সদর এলএসডিতে ৬০০ মে.টন আমদানিকৃত সিদ্ধ চাল প্রেরণের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২২-৮-২০২১

মোঃ ফজলে রাকী হায়দার

উপপরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের  
দপ্তর, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, বরগুনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭.৮২৩/১(১০)

তারিখ: ৭ ভাদ্র ১৪২৮  
২২ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের  
অনুরোধ করা হলো)
- ৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পটুয়াখালী
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিরাজগঞ্জ, রাজশাহী
- ১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা ..... এলএসডি



২২-৮-২০২১

মোঃ ফজলে রাকী হায়দার

উপপরিচালক